# ২৫ ডিসেম্বর দেশে ফিরছেন তারেক রহমান: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান লন্ডন থেকে আগামী ২৫ ডিসেম্বর দেশে ফিরে আসছেন বলে জানিয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার (১২ ডিসেম্বর) রাত সাড়ে ৯টার দিকে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান। ফখরুল বলেন, দলের স্থায়ী কমিটির বৈঠকে সর্বসম্মতভাবে তারেক রহমানের দেশে ফেরার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ব্রিফিংয়ে ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরীফ ওসমান হাদির ওপর সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানিয়ে মির্জা ফখরুল বলেন, “নির্বাচনী পরিবেশ অস্থিতিশীল করার উদ্দেশ্যেই এই হামলা; নির্বাচনকে বাধাগ্রস্ত করার একটি পরিকল্পিত অপচেষ্টা।”

তিনি আরও জানান, হাসপাতালে হাদিকে দেখতে গেলে বিএনপি নেতা মির্জা আব্বাসের প্রতি অসদাচরণ করা হয়েছে যা দল কঠোরভাবে প্রতিবাদ জানায়।

হুঁশিয়ারি দিয়ে ফখরুল বলেন, “এ ধরনের হামলা বা উসকানি চলতে থাকলে বিএনপি আর নীরব থাকবে না। প্রয়োজনীয় রাজনৈতিক প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত আছে।”

LENS ASIA